কালের কণ্ঠ

তারিখ 10 AUG 2016
পৃষ্ঠা

## জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ

# বহিষ্কৃতদের পদধ্বনি

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) শাখা ছাত্রলীগের আজীবনসহ বিভিন্ন মেয়াদে বহিষ্কৃত নেতারা রাজনীতিতে পুনরায় ফিরে আসার চেষ্টা করছেন। এ নিয়ে সংগঠনটির নেতাকর্মীদের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।

জাবি সূত্রে জানা গেছে, গত ৩১ জুলাই জাবি শাখা ছাত্রলীগের উদ্যোগে কর্মিসভার আয়োজন করা হয়। সভায় শাখা ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিল। এ অনুষ্ঠানে আজীবনসহ বিভিন্ন মেয়াদে বহিষ্কৃত ও বিতর্কিত নেতাকর্মীরা উপস্থিত হয়। এর মধ্যে ২০১৪ সালের ২১ আগস্ট বিশ্ববিদ্যালয়ের মওলানা ভাসানী হল শাখা ছাত্রলীগের এক পক্ষের ওপর আরেক পক্ষের হামলায় জড়িত মো. এ কে খায়রুজ্জামান সঞ্চয় ছিলেন। যদিও ওই ঘটনায় হল কমিটি বিলুপ্ত ঘোষণাসহ চার নেতাকর্মীকে সংগঠন থেকে আজীবন বহিষ্কার করে ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটি। কর্মিসভায় তাঁকে উপস্থিত থাকতে দেখে শাখা ছাত্রলীগের নেতাকর্মীদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। একপর্যায়ে সঞ্চয় মঞ্চে উঠে বক্তৃতা দিতে গেলে উপস্থিত নেতাকর্মীরা ক্ষুব্ধ হয়ে ওঠে। উত্তেজনার একপর্যায়ে তাঁকে কর্মিসভা থেকে বের হয়ে যেতে বলেন নেতারা।

আট ঘণ্টাব্যাপী অনুষ্ঠিত এই কর্মিসভা শেষে বিভাগ ও অনুষদভিত্তিক কমিটি ঘোষণা করা হবে বলে সে সময় উপস্থিত সাংবাদিকদের জানান শাখা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক। বিশ্বস্ত সূত্রে জানা গেছে, কলা ও মানবিকী অনুষদের কমিটিতে খায়রুজ্জামান সঞ্চয়কে সাধারণ সম্পাদক করে একটি খসড়া কমিটি করা হয়। কিন্তু কেন্দ্র থেকে বহিষ্কৃত ওই নেতাকে সাধারণ সম্পাদক করা হবে জানতে পেরে নেতাকর্মীদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। এদিকে কর্মিসভা চলাকালে মহিতোষ রায় টিটোসহ বেশ কয়েকজন বিতর্কিত নেতাকর্মীকে দেখা গেছে। গত ৮ জুন রাতে সাংবাদিকের ওপর হামলার ঘটনায় শাখা ছাত্রলীগের ধর্মবিষয়ক সম্পাদক মহিতোষ রায় টিটোকে সংগঠন থেকে বহিষ্কার করে শাখা ছাত্রলীগ।

শাখা ছাত্রলীগের একাধিক সূত্রে জানা গেছে, কমিটি ঘোষণা না করার পেছনে প্রধান কারণ বিভিন্ন বিভাগ ও অনুষদের (খসড়া) কমিটিতে এমন নাম এসেছে, যাঁরা বিতর্কিত ও বহিষ্কৃত। এ নিয়ে নেতাকর্মীদের উত্তেজনার পরিপ্রেক্ষিতে বিভাগ ও অনুষদ কমিটি ঘোষণা স্থগিত করেন শাখা সভাপতি ও সাধারণ সম্পাদক। তবে কর্মিসভার ৯ দিন পার হলেও এখন পর্যন্ত বিভাগ ও অনুষদ কমিটি ঘোষণা করা হয়নি। বিভাগ ও অনুষদ কমিটিকে ঘিরে কয়েক দিন আগে ক্যাম্পাসে ছাত্ররাজনীতি ও কর্মীদের সক্রিয়তা বেড়ে গেলেও এখনো কমিটি ঘোষণা না হওয়ায় হতাশ হয়ে পড়েছে নেতাকর্মীরা।

এ বিষয়ে শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক রাজিব আহমেদ রাসেল বলেন, 'তথ্য যাচাই-বাছাইয়ের জন্য কমিটি দিতে একটু বিলম্ব হচ্ছে। যত দ্রুত সম্ভব কমিটি ঘোষণা করা হবে। বহিষ্কৃত বা বিতর্কিত কেউ কমিটিতে আসবে না। যেকোনো প্রার্থীর বিরুদ্ধে কারো কাছে কোনো তথ্য থাকলে তা জানাতে বলেছি।'

সভাপতি মাহমুদুর রহমান জনি বলেন, 'খুব শিগগির আমরা অনুষদ কমিটি ঘোষণা করব। নেতাকর্মীদের হতাশ হওয়ার কিছু নেই। আর বহিষ্কৃত বা বিতর্কিত কাউকে কমিটিতে স্থান দেওয়া হবে না।' সংগঠন থেকে বহিষ্কৃত নেতাদের কর্মিসভায় যোগদান বিষয়ে তিনি বলেন, 'এ রকম কেউ যখন আমাদের নজরে এসেছে, তাদের সেখান থেকে চলে যেতে বলা হয়েছে।'